

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক শাখা
www.fid.gov.bd



নম্বর: ৫৩.০০.০০০০.৩১২.১৩.০০২.১৯.১৭

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭

০১ জুলাই ২০২০

প্রজ্ঞাপন

বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেডের উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান- কর্মরত অবস্থায় ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ২০-১২-২০১৯ তারিখে স্থানীয় একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

২। “রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালক, উপব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপক পদে নিয়োগ/পদোন্নতি ও পদায়ন বিষয়ক নীতিমালা-২০১৯” শিরোনামে ১১ নভেম্বর, ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের ১১ নং অনুচ্ছেদ অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান গোস্বামী ও অন্যান্য কল্যাণমূলক স্কীমের সকল অবসর সুবিধাদি যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত ছিলেন, সেই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে নিয়মানুযায়ী উক্ত সুবিধাদি প্রাপ্য হবেন।

৩। “গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪” এর ১০ ধারা এবং বিদ্যমান পেনশন নীতিমালার আলোকে অবসর সুবিধাদি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১-৭-২০২০

মোহাম্মদ আবদুল আওয়াল

উপসচিব

ফোন: ৯৫৭৪০০২

নম্বর: ৫৩.০০.০০০০.৩১২.১৩.০০২.১৯.১৭/১

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৭

০১ জুলাই ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয়

ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও, বিডিবিএল, প্রধান কার্যালয়, ঢাকা
- ৩) মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪) পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) জনাব মোঃ মিজানুর রহমান, উপব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭) প্রোগ্রামার, আইসিটি সেল, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।